



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
উপজেলা -১ শাখা
www.lgd.gov.bd



স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০৪৬.০৮.০৫১.১৭.৩১৯

তারিখ: ৩১ বৈশাখ ১৪৩০
১৪ মে ২০২৩

বিষয়: সিলেট জেলার জৈন্তাপুর উপজেলা পরিষদ চেয়ারম্যানের বহিঃবাংলাদেশ ছুটি মঞ্জুর সম্পর্কিত।

সূত্র: জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট'র স্মারক নং- ১৪৪; তারিখ: ০৬ এপ্রি ২০২৩।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সিলেট জেলার জৈন্তাপুর উপজেলা পরিষদ চেয়ারম্যান জনাব কামাল আহমদ পবিত্র ওমরাহ পালনের লক্ষ্যে সংশ্লিষ্ট জেলা প্রশাসকের মাধ্যমে বহিঃবাংলাদেশ ছুটি মঞ্জুরের জন্য আবেদন করেন। উক্ত প্রস্তাব স্থানীয় সরকার বিভাগে প্রাপ্তি সাপেক্ষে ১৭ এপ্রিল ২০২৩ তারিখে উপস্থাপন করা হয়। কিন্তু বহিঃবাংলাদেশ ছুটি মঞ্জুর অপেক্ষমান থাকলেও তিনি ছুটি মঞ্জুর ছাড়াই সৌদি আরব গমন করেছেন ও বিভিন্ন অনুষ্ঠানে যোগদান করেছেন। যা তার ফেসবুক ও অন্যান্য সামাজিক যোগাযোগ মাধ্যমে জানা যায়। একজন জনপ্রতিনিধি হিসেবে ছুটি মঞ্জুর সাপেক্ষে দেশের বাহিরে ভ্রমণ করার নির্দেশনা থাকলেও তিনি সরকারের অনুমতি ব্যতিত দেশের বাহিরে গমন করেছেন যা উপজেলা পরিষদ আইনের পরিপন্থি।

২। এমতাবস্থায় সরকারের পূর্বানুমতি ব্যতিত বিদেশ ভ্রমণের বিষয়ে ব্যাখ্যা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৪-৫-২০২৩

মাহবুবা আইরিন

উপসচিব

ফোন: ০২২২৩৩৮২২৪৭

জনাব কামাল আহমদ, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জৈন্তাপুর,
সিলেট।

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০৪৬.০৮.০৫১.১৭.৩১৯/১(৭)

তারিখ: ৩১ বৈশাখ ১৪৩০
১৪ মে ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট।
- ২) মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, স্থানীয় সরকার বিভাগ।
- ৩) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট
- ৪) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, স্থানীয় সরকার বিভাগ।

- ৫) উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, জৈন্তাপুর, সিলেট।
৬) ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, জৈন্তাপুর, সিলেট।
৭) প্রোগ্রামার, আইসিটি সেল, স্থানীয় সরকার বিভাগ।



১৪-৫-২০২৩

মাহবুবা আইরিন
উপসচিব